

# হলিউডে ঐশ্বরীয়া



ঐশ্বরীয়া রাই আসছে সেপ্টেম্বরেই হলিউডে যাওয়ার প্লান করেছেন। হতে পারে তারপর থেকেই এ বলিউড অভিনেত্রী হলিউডেও অভিনয় শুরু করবেন। ক’দিন আগে সাংবাদিকরা তাকে ইন্টারভিউ করতে গেলে অ্যাশ বলেন হলিউডের এক এজেন্ট তার ডেট চেয়ে কয়েকবারই ফোন করেছেন। ‘কান চলচ্চিত্র উৎসব থেকে এসেছি আমি আজ ৫ মাস। তখন থেকে এখনো আমাকে এজেন্টরা ফোন করে যাচ্ছে। আমার মনে হচ্ছে এবার সত্যি সত্যিই আমাকে হলিউডে যেতে হবে’- বলেন এই এক্স মিস ওয়ার্ল্ড। কান ফিল্ম ফেস্টিভ্যালের ‘দেবদাস’-এর প্রিমিয়ার উপলক্ষে ঐশ্বরীয়া গিয়েছিলেন সেখানে। তারপর আমেরিকার বিখ্যাত ম্যাগাজিন

পরিচালক মনোজ নাইট (এম নাইট) শ্যামালান তাকে অফার দিয়েছেন- সে কথাও জানাতে ভোলেননি ‘পার্বতী’ অ্যাশ। কিন্তু অভিনেত্রী অ্যাশ এটাও বলেছেন, ‘হলিউডে যাবো ঠিকই, তবে সেখানে নামে মাত্র অভিনেত্রী হতে হলে বলিউডের এখন ‘আমি’ কেই প্রেফার করবো বেশি।’

## লাভ ইজ ফেন্ডশীপ...

মডেল মার্ক রবিনসনের সঙ্গে ব্রেকআপের পর খ্রীতি জিন্তা মিডিয়া থেকে তাকে দূরে রেখেছিলেন। সেটা ক’দিনের জন্য। সে সময়েই খ্রীতি অস্ট্রেলিয়ান এক যুবকের সঙ্গে ডেট করা শুরু করেন। মিডিয়া সে খবর পায় পরে। কানাডাতে অনীল শর্মা’র ‘দ্য হিরো’ ছবির শুটিংয়ে দু’জনের পরিচয়। অস্ট্রেলিয়ান সে যুবক ‘মনসুন ওয়েডিং’-এ অভিনয় করে সবার নজর কাড়েন এর আগেই। কানাডায় পরিচয়ের পর থেকে এ দু’জনের সম্পর্ক গভীরতায় যেতে থাকে। কিন্তু খ্রীতিকে যখনই এ সম্পর্কে জিজ্ঞেস করা হয়, অন্য সবার মতো তারও কমন উত্তর ‘আমরা শুধু খুব ভালো বন্ধু!’

## বিয়ে আরো পরে



মহিমা চৌধুরী-লিয়েন্ডার পেইজের প্রেম ভালোই চলছে এখনো। ক’দিন আগে হঠাৎই গুজব ওঠে মহিমা-পেইজের ব্রেকআপ হয়ে গেছে। কিন্তু কেবল গুজবই। দু’ সপ্তাহ আগেই ‘পরদেশ’ খ্যাত মহিমা আর টেনিস খেলোয়াড় লিয়েন্ডার পেইজকে একত্রে দেখা গেল, তারা একটি ডুপ্লেক্স অ্যাপার্টমেন্ট খুঁজে

বেড়াচ্ছেন তাদের জন্য। এমনিতে এ দু’জন দিনের পর দিন গাড়িতে ঘুরে বেড়াতেই স্বাচ্ছন্দ্যবোধ করেন। কিন্তু হঠাৎ তারা অ্যাপার্টমেন্ট খুঁজতে কেন শুরু করলেন, তা বলিউডের অনেককেই ভাবাচ্ছে। ভেবে ভেবে অনেকেই সিদ্ধান্তে এসেছেন হয়তো বিয়ের কথা সিরিয়াসলিই ভাবছেন তারা। কিন্তু মহিমা নিজে তার সিদ্ধান্ত জানালেন, ‘উহঁ, এখনি বিয়ে করার প্রশ্নই ওঠে না। বলিউডে আমার এখনো অনেক কিছু পাওয়ার আছে!’- এই বলে। কিন্তু মহিমা গত কয়েকটি ছবিতে দর্শকদের কাছে তার কোনো গ্রহণযোগ্যতাই তুলে ধরতে পারেননি।

শেখ মন্জু



খ্রীতি  
জিন্তা